গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক: ১০.০৭.০০০০.০০৩.২০.০১৮.২০১২-(অংশ-২)-১৯

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ / ২৮ আগস্ট ২০২৫

**বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে প্রথম কিস্তির জেলাভিত্তিক বরাদ্দ ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে প্রথম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) বরাদ্দ বাংলাদেশ সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস এবং ৬৪টি জেলা লিগ্যাল এইড অফিসের অনুকূলে সর্বমোট **২,৬০,৫৮,২৫৩/- (দুই কোটি ষাট লক্ষ আটান্ন হাজার দুইশত তিপ্পান্ন)** টাকা সংযুক্ত ছকে কোডভিত্তিক বরাদ্দ বর্ণিত শর্তে মঞ্জুরি প্রদান করা হলো।

**শর্তাবলি:**

১। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে;

২। পরবর্তী নতুন বরাদ্দ চাহিদাপত্র প্রেরণের ক্ষেত্রে পূর্বে বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণীসহ সংযুক্ত ছক অনুসারে চাহিদাপত্র নির্বাহী পরিচালক বরাবর প্রেরণ করতে হবে;

৩। অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং ০৭.০০.০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৮, তারিখ ১৪/০৭/২০২২ খ্রি. প্রজ্ঞাপন বহির্ভূত কোনো দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিল করা যাবে না; এবং বিলের সাথে জিও/অফিসিয়াল আদেশ/ট্যুর ডায়েরি ও অন্যান্য প্রয়োজনীয় সংযুক্তি নিশ্চিত করতে হবে;

৪। টেলিফোন ও ইন্টারনেট সংক্রান্ত কোনো বিল বকেয়া রাখা যাবে না; বকেয়া বিল প্রয়োজন হলে বকেয়া বিলের কাগজাদী ও বিলম্বের ব্যাখ্যাসহ চাহিদা সংস্থার প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে;

৫। যে কোন প্রশিক্ষণ/সভা/সেমিনার/অনুষ্ঠান বিষয়ে বিল করতে হলে অবশ্যই অফিস আদেশ থাকতে হবে এবং অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র বা পত্র অনুসারে সম্মানী ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করতে হবে; বিধি বহির্ভূত কোনো ব্যয় করা যাবে না। যেকোন অনুষ্ঠান সম্পন্ন হলে উক্ত অনুষ্ঠান সংক্রান্ত তথ্য অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যারে অবশ্যই আপডেট করতে হবে;

৬। কম্পিউটার/তথ্যপ্রযুক্তি বা অফিসের জন্য অন্যান্য যন্ত্রপাতি/সামগ্রী বা আসবাবপত্র অর্থাৎ অফিসের মূলধন সম্পদ ক্রয় করার প্রয়োজন হলে অবশ্যই কি ধরনের পণ্যের জন্য চাহিদা প্রদান করা হয়েছে তার বিবরণসহ পত্র প্রদান করতে হবে; প্রয়োজনে পৃথক দরখাস্ত দ্বারা পূর্বে বরাদ্দকৃত পণ্যের অবস্থা অবগতিসহ বর্তমানে বিশেষভাবে পণ্য চাহিদা উল্লেখ করতে হবে;

৭। কম্পিউটার/তথ্যপ্রযুক্তি বা অন্যান্য যন্ত্রপাতি/সামগ্রী বা আসবাবপত্র অর্থাৎ অফিসের জন্য যেকোন পণ্য/সম্পদ ক্রয় করা হলে তা লিগ্যাল এইড অফিসের মূলধন/সম্পদ, যা প্রতিবছর ক্রয় করার আবশ্যকতা থাকে না; লিগ্যাল এইড অফিসের জন্য ক্রয়কৃত পণ্য/মূলধন সম্পদের বিবরণ অবশ্যই সংশ্লিষ্ট পণ্য/মূলধন স্টক বা সম্পত্তি রেজিস্টারে বিধি মোতাবেক লিপিবদ্ধ করতে হবে এবং প্রতিটি পণ্য/সম্পদের উপর সংশ্লিষ্ট লিগ্যাল এইড অফিসের শনাক্তকরণ নম্বর লিখতে হবে।

৮। কম্পিউটার ও আনুসঙ্গিক সামগ্রী / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং অন্যান্য মূলধন (পণ্য- আসবাবপত্র, ক্যামেরা, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ইত্যাদি) ক্রয় কার্যক্রম প্রচলিত বিধি-বিধান ও পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধির আলোকে সম্পন্ন হবার পর সংস্থাকে অবহিত করতে হবে ও বিধি মোতাবেক অফিসে যথাযথভাবে পণ্যসমূহ সংরক্ষণ করতে হবে;

৯। যাতায়াত কোড – ৩২১১১২৭ নতুন কোড যুক্ত হয়েছে, জারি সংক্রান্ত কার্যক্রমে এই কোড থেকে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হবে;

১০। জেলা লিগ্যাল এইড অফিসার বদলি হবার সাথে সাথে তার iBAS++ আইডি নিষ্ক্রিয় করে নতুন কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তার নামে নতুন আইডি খুলতে হবে বিধায় সংশ্লিষ্ট iBAS++ ফরম ও জাতীয় পরিচয়পত্র সংস্থার প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে;

১১। বিধি বহির্ভূত যেকোনো ব্যয় কার্যক্রমের জন্য লিগ্যাল এইড অফিসের ডিডিও দায়ী থাকবেন।

২৮.০৮.২৫

সংযুক্তি:
১। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের কোডভিত্তিক বরাদ্দ।
২। ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির চাহিদা ছক।

**(ফারিন ফারজানা)**
সহকারী পরিচালক
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
৪১০৩২২৯৩ (অ:)

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
১। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার, ঢাকা।
২। জেলা লিগ্যাল এইড অফিসার (……………জেলা)।

**জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি ও মাননীয় বিচারপতি হাইকোর্ট বিভাগ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ (……..জেলা)।
৩। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৪। পিএ টু নির্বাহী পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৫। হিসাবরক্ষক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৬। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।

